গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৬০৪.১১.০২৯.১৮-১৫৬৫ তারিখ: ১৫/১০/২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন ৬)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত সাকুল্য বেতনে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১২ সর্বসাকুল্যে বেতন- ২০,০৮০/- টাকা	২ (দুই) টি	(১) স্নাতক ডিগ্রি; (২) সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ; এবং (৩) কম্পিউটার অপারেটর হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা
০২	হিসাবরক্ষক গ্রেড-১৪ সর্বসাকুল্যে বেতন- ১৮,৬০০/- টাকা	১ (এক) টি	(১) হিসাববিজ্ঞান অথবা ফাইন্যান্স অথবা ব্যবসায় প্রশাসনে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি (২) হিসাবরক্ষক হিসেবে কমপক্ষে ০১ (এক) বছরের অভিজ্ঞতা

শর্তসমূহঃ

১। শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তবে performance-এর ভিত্তিতে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এ নিয়োগে অগ্রাধিকার পাবে।

২। সকল প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: www.mopa.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর website: www.dmtc.org.bd হতে সংগ্রহ করা যাবে।

৩। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর গত ০৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের ডিএমআরটিডিপি/প্রশাঃ/কঃনিঃ/ ২৮/২০১৩-৪৪ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তি অনুসরণে একাউন্ট্যান্ট (গ্রেড-১০) পদে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে যোগ্য প্রার্থীদের অনুকূলে লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করা হবে। যেসকল প্রার্থীর অনুকূলে লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করা হবে, তাঁদের মধ্যে যাঁরা হিসাবরক্ষক (গ্রেড-১৪) পদে চাকুরি করতে আগ্রহী তাঁরা লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত)** কর্তৃক **সত্যায়িত** করে সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

(খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি; এবং

(ঘ) সকল প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।

৫। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদির **মূল কপি** সংযুক্ত করতে হবেঃ

(ক) চারিত্রিক সনদপত্র; এবং

(খ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার সনদপত্র।

৬। সকল পদের জন্য পরীক্ষার ফি বাবদ **'প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট'** এর অনুকূলে ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (জনতা/সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে)-এর **মূল কপি** (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৭। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত কোটা সংক্রান্ত সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে। কোটায় আবেদনকারী প্রার্থীদের সর্বশেষ সরকারী বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় কোটার সুযোগ প্রদান করা হবে না।

৯। সাধারণ প্রাথীদের বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে একই তারিখে ৩২ বছর।

১০। খামের উপর বাম দিকে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১১। সরকারি/স্বায়ত্তশাসিত/প্রকল্প/সরকারি কোম্পানিতে নিয়োজিত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনাও এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের **মূল কপি** প্রদর্শন করতে হবে।

১৫। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে 'হিসাবরক্ষক' পদের গ্রেড সংশোধন করতে পারবে।

১৭। কর্তৃপক্ষ লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার একীভূত প্রাপ্ত নাম্বার বিবেচনায় নিয়ে মেধার ভিত্তিতে অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করবে। অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে শূন্য পদের বিপরীতে পরবর্তী ০২ (দুই) বছর নিয়োগ প্রদান করা যাবে।

১৮। যে কোন বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯। প্রকল্প কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। প্রকল্প কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২২। (ক) আবেদনপত্র আগামী ১৫ নভেম্বর, ২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **'প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০'** এর বরাবরে পৌঁছাতে হবে।

(খ) হাতে হাতে কোন দরখাস্ত দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

মোঃ আফতাবউদ্দিন তালুকদার
প্রকল্প পরিচালক